



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।


স্মারক নং-১৪.৩২.০০০০.৭০২.৪২.২৩০.১৮.৫৩৫

তারিখঃ ১১-০৪-২০১৯

Bangla Phone Limited-এর IIG লাইসেন্স বাতিল সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Bangla Phone Limited নামক কমিশনের International Internet Gateway (IIG) লাইসেন্সধারী প্রতিষ্ঠানটি IIG লাইসেন্স ও IIG লাইসেন্সিং গাইডলাইনের শর্ত মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে তাদের বাণিজ্যিক কার্যক্রম শুরু না করায় সরকারের অনুমোদন প্রদানের প্রেক্ষিতে কমিশন হতে গত ০৯-০৪-২০১৯ তারিখে Bangla Phone Limited-এর IIG লাইসেন্স (License no. BTRC/LL/IIG(28)Bangla phone/2012-28, dated: 12-04-2012) বাতিল করা হয়েছে। কমিশন কর্তৃক Bangla Phone Limited-এর বাতিলকৃত IIG License-এর আওতায় IIG License-এ উল্লেখিত সেবা প্রদানের কোন অবকাশ নেই। বিধায় কমিশন হতে Bangla Phone Limited-এর বাতিলকৃত IIG লাইসেন্সের অধীনে যে কোন কার্যক্রম সম্পাদন হবে অবৈধ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী সম্পূর্ণভাবে বেআইনি ও শাস্তিযোগ্য অপরাধ। কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক উক্ত বেআইনি সেবা প্রদান/গ্রহণ করাও অপরাধ হিসেবে গণ্য হবে।

এমতাবস্থায়, Bangla Phone Limited-কে তাদের IIG লাইসেন্স সংশ্লিষ্ট সকল প্রকার কার্যক্রম হতে বিরত থাকার নির্দেশ প্রদান করা হলো। একই সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে Bangla Phone Limited-সাথে IIG লাইসেন্সের আওতায় কোন ধরনের টেলিযোগাযোগ সেবা সংক্রান্ত চুক্তি সম্পাদন, সেবা/প্রদান এবং টেলিযোগাযোগ সেবা গ্রহণ/প্রদানের বিপরীতে আর্থিক লেনদেন করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর সংশ্লিষ্ট বিধান, সংশ্লিষ্ট গাইডলাইন এবং লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে ফৌজদারী মামলা দায়েরসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(এম.এ. তালেব হোসেন) ১১/৪/১৯

পরিচালক (লাইসেন্সিং)

লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

বিটিআরসি।